**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 16-06-2025** **Desk in Charge : SDG**
**Time : 7.35 AM** **Compiling : Partha pratim M.**
**DEO : KB** **NR : PPM**

Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ -

বিশেষ বিশেষ খবরঃ-

১/ কলকাতার খিদিরপুর বাজারে গতকাল রাত ২'টো নাগাদ বিধ্বংসী আগুনে শতাধিক দোকান পুড়ে গেছে।

২/ বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমগুলিকে নিয়ন্ত্রণের লক্ষ্যে বিধানসভায় আজ 'দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট সংশোধনী বিল-২০২৫' উত্থাপন করা হবে।

৩/ স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন জানানোর প্রক্রিয়া, শুরু হচ্ছে আজ থেকে।
# পরীক্ষা না দেওয়ার দাবীতে আন্দোলন জোরদার করেছেন, চাকরী হারা যোগ্য শিক্ষক শিক্ষিকারা।

৪/ কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে, জেলা প্রশাসন জানিয়েছে।

৫/ দক্ষিণবঙ্গে আগামী দু-এক দিনের মধ্যেই বর্ষা প্রবেশ করতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

*****************************************************************************

কলকাতার ওয়াটগঞ্জ থানা এলাকায় খিদিরপুর বাজারে গতকাল রাত দুটো নাগাদ বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনা ঘটে। দমকলের একুশটি ইঞ্জিন আগুন নেভানোর কাজ করছে। বাজারের মধ্যে বিভিন্ন দোকান, চালের গোডাউন সহ বিভিন্ন দোকান পুড়ে গেছে। এখনও আগুন নিয়ন্ত্রণে না আসায় নেভানোর কাজ জারি রয়েছে। ঘটনাস্থলে এসেছেন দমকল মন্ত্রী সুজিত বসু।

স্থানীয়দের অভিযোগ, দমকল দেরীতে আসায় আগুনের ভয়াবহতা বেড়ে গেছে। তাদের দাবি, এই ঘটনায় প্রায় শতাধিক দোকান পুড়ে ছাই হয়ে গেছে।

************************

স্বাস্থ্য সাথী কার্ড, চিকিৎসা বিল সহ বিভিন্ন ক্ষেত্রে একাধিক অনিয়মের অভিযোগ জমা পড়ায় স্বাস্থ্য কমিশনের সুপারিশের ভিত্তিতে রাজ্য সরকার এই সংক্রান্ত আইন সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে। বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোমগুলিকে নিয়ন্ত্রণের উদ্দেশে আরও কঠোর বিধি আনতে আজ বিধানসভায় 'দি ওয়েস্ট বেঙ্গল ক্লিনিক্যাল এস্টাবলিশমেন্ট সংশোধনী বিল-২০২৫' উত্থাপন করা হবে। এরপরে আগামী দুই দিন এই বিলের উপরে দেড় ঘন্টা করে মোট তিন ঘন্টা আলোচনার কর্মসূচী রয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীও আলোচনায় অংশ নিতে পারেন বলে জানা গিয়েছে।
আজ দ্বিতীয়ার্ধে আলোচনা শুরুর আগে মুখ্যমন্ত্রীর পৌরোহিত্যে বিধানসভায় রাজ্য মন্ত্রিসভার বৈঠক ডাকা হয়েছে।

************************

স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষার অনলাইন আবেদন জানানোর প্রক্রিয়া আজ থেকে শুরু হতে চলেছে। আজ বিকেল পাঁচটা থেকে ১৪ জুলাই বিকেল পাঁচটা পর্যন্ত অনলাইনে আবেদন জানানো যাবে। নবম-দশমে ২৩ হাজার ২১২ এবং একাদশ-দ্বাদশে ১২ হাজার ৫১৪ শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হবে।

সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে লিখিত পরীক্ষা হবে। ফল প্রকাশিত হবে অক্টোবর মাসের চতুর্থ সপ্তাহে। ইন্টারভিউয়ের সম্ভাব্য সময় নভেম্বর মাসের প্রথম থেকে তৃতীয় সপ্তাহ পর্যন্ত। প্যানেল প্রকাশিত হবে ২৪ শে নভেম্বর। কাউন্সেলিং শুরু হবে ২৯ শে নভেম্বর থেকে। সাধারণ এবং ওবিসি শ্রেণিভুক্ত পরীক্ষার্থীদের আবেদনের ফি ৫০০ টাকা এবং তফসিলি জাতি, উপজাতি, বিশেষভাবে সক্ষম পরীক্ষার্থীদের জন্য ফি ২০০ টাকা।

**********************

একদিকে যখন এসএসসির পরীক্ষার অনলাইনে আবেদন পর্ব শুরু হচ্ছে, তখন অন্যদিকে পরীক্ষা না দেওয়ার দাবিতে আন্দোলন জোরদার করেছেন চাকরিহারা যোগ্য শিক্ষক শিক্ষিকারা। বিকাশ ভবনের কাছে অনশন চালাচ্ছেন একদল যোগ্য চাকরিহারা শিক্ষক-শিক্ষিকা। আবার আরেকটি অংশ আজ বিধানসভা অভিযানের ডাক দিয়েছে।
একটি প্রতিবেদন- ( ভিসি- সুমন মুখার্জি )

**********************

কালীগঞ্জ বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে বলে, জেলা প্রশাসন জানিয়েছে।
রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর পৌরহিত্যে গতকাল সন্ধ্যায় নদিয়ার কৃষ্ণনগরে জেলাশাসকের কার্যালয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। ভোটকেন্দ্রে নিরাপত্তা ব্যবস্থা, সিএপিএফ মোতায়েনের পরিকল্পনা, রোড চার্ট চূড়ান্তকরণ, ইলেকট্রনিক ভোটিং মেশিন স্ট্রংরুমে সংরক্ষণ ও ভোটার স্লিপ বিতরণ সহ বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়। নির্বাচনী প্রক্রিয়ায় যাতে নিরপেক্ষতা, স্বচ্ছতা ও দক্ষতার সর্বোচ্চ মান বজায় থাকে, সেদিকে নজর রাখতে মুখ্য নির্বাচন আধিকারিক, জেলায় নির্বাচনে কাজে যুক্ত সব আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।
নির্বাচন কমিশনের নির্দেশিকা কঠোরভাবে মেনে চলার'ও নির্দেশ দেন তিনি।
সভায় জেলাশাসক, কৃষ্ণনগর পুলিশ জেলার সুপার, রিটার্নিং অফিসার, ৮০ বিধানসভার সবসেক্টর আধিকারিকরাও বৈঠকে উপস্থিত ছিলেন।
আগামী ১৯শে জুন ওই কেন্দ্রে ভোট গ্রহণ। গণনা ২৩শে জুন।

************************

বাঁকুড়া- দুর্গাপুর রাজ্য সড়কের উপর দুর্গাপুর ব্যারেজের রাস্তায় আজ থেকে পূর্ণমাত্রায় যান চলাচল শুরু হয়েছে। ব্যারেজের রাস্তা খুলে যাওয়ায় বাঁকুড়া ও দুর্গাপুরের মধ্যে যোগাযোগ অনেকটাই সহজ হবে। দীর্ঘদিন ধরেই খারাপ রাস্তার কারণে যাত্রী ও যানবাহন চালকদের চরম ভোগান্তি পোহাতে হচ্ছিল। রাজ্য সরকার প্রতিশ্রুতি অনুযায়ী ১৫ জুনের মধ্যে ব্যারেজ সংস্কারের কাজ শেষ করায় খুশি সাধারণ মানুষ।

************************

যাত্রীদের সুবিধার জন্য পূর্ব রেল শিয়ালদা ডিভিশনের দমদম ক্যান্টনমেন্ট - বনগাঁ শাখায় আজ থেকে সকাল-সন্ধ্যায় অফিস টাইমে পরীক্ষামূলকভাবে ৫ টি নতুন EMU লোকাল ট্রেন চালাবে।

বারাসাত-দমদম ক্যান্টনমেন্ট ও বনগাঁর মধ্যে অফিসে টাইমে এই নতুন EMU লোকাল চলবে।

উল্লেখ্য, এর আগে শিয়ালদার দক্ষিণ শাখার শিয়ালদা – বালিগঞ্জ, সোনারপুর, ক্যানিং ও নামখানার মধ্যেও নতুন EMU লোকাল চালানো শুরু হয়েছে।

************************

নদীয়ার মোহনপুরে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয় উদ্যান বিজ্ঞান অনুষদের উদ্যোগে দুদিন ব্যাপী উদ্যান মেলা ও মানবসম্পদ উন্নয়ন বিষয়ক কৃষি প্রশিক্ষণ গতকাল সমাপ্ত হয়েছে। রাজ্যের ১০টি জেলা থেকে সাড়ে চারশোরও বেশি কৃষক প্রশিক্ষণ শিবিরে অংশ নেন। বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বারুইপুরের পেয়ারার জিআই স্বীকৃতির শংসাপত্র রাজ্যের ডাইরেক্টর অফ হর্টিকালচার দীপ্তেন্দু বেরার হাতে তুলে দেওয়া হয়।

************************

দক্ষিণবঙ্গে আগামীকাল বা পরশুর মধ্যে বর্ষা প্রবেশ করতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত জানিয়েছেন।

উত্তরবঙ্গের সমস্ত জেলায় আজ বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতেও বাড়বে বৃষ্টির পরিমাণ।

(বাইট – ওয়েদার সোমনাথ )

দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুর জেলায় কোথাও কোথাও বজ্র বিদ্যুৎ সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে।

পশ্চিমবঙ্গ ও ওড়িশা উপকূলে ঝোড়ো হাওয়ার কারণে মৎস্যজীবীদের আগামীকাল ও পরশু গভীর সমুদ্রে মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

************************

বয়ো:বৃদ্ধদের হেনস্থা ও গার্হস্থ্য হিংসা থেকে রুখতে মুর্শিদাবাদে গতকাল এক কর্মশালা ও সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। জাতীয় আইনী পরিষেবা কর্তৃপক্ষ নালসা'র নিয়ন্ত্রণাধীন মুর্শিদাবাদ জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষ এই শিবিরের আয়োজন করে। মুর্শিদাবাদের হরিহরপাড়ার রুকুনপুর স্থানীয় প্রশাসন ও আইনজীবীদের নিয়ে এলাকার প্রবীণ মানুষদের সঙ্গে মতবিনিময় করেন নালসার প্রতিনিধিরা। ছিলেন জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্তরাও। অজ্ঞতার জন্যে গ্রাম গঞ্জের বহু আক্রান্ত শারিরিক, মানসিক ও অর্থনৈতিক বিদ্বেষের অভিযোগ জানাতে পারেন না। তাদের বিনামূল্যে আইনী পরিষেবা পেতে গেলে কি কি করতে হবে তাও শেখানো হয় এদিনের কর্মসূচিতে।

উল্লেখ্য, এই পর্যায়ে ৫ দিন ব্যাপী মুর্শিদাবাদ জেলা জুড়ে ধারাবাহিকভাবে আইনী পরিষেবা সংক্রান্ত সচেতনতা শিবির করবে কর্তৃপক্ষ।

************************

মালদার গৌড়ের অদূরে রামকেলী মেলার সূচনা হয়েছে। ৫১১ বছর আগে শ্রী চৈতন্যদেব, গৌড়ের নবাব হোসেন শাহ্-র দুই সভাসদ রূপ ও সনাতন গোস্বামীর সঙ্গে সাক্ষাৎ করতে রামকেলী এসেছিলেন। সেই থেকে রামকেলী ধাম গৌড়ীয় বৈষ্ণবদের কাছে অতি পবিত্র বলে পরিচিত।

রামকেলীতে এই বাৎসরিক মেলা উপলক্ষে রাজ্যের বিভিন্ন স্থান থেকে ভক্ত বৈষ্ণব ও সাধারণ মানুষ সমবেত হয়েছেন। আখড়ায় আখড়ায় চলছে কীর্তন ও নামগান।

*******************************************************************